প্রতিদিন একবার হলেও আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ"

প্রতিদিন একবার হলেও বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৭.৯৮ তারিখঃ ০৩-০৮-২০১৭খ্রিঃ

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল সরকারী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য় পর্ব (২০১৬ প্রবিধান) পরিপূরক পরীক্ষা আগামী ১০ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ রোজ রবিবার হতে স্ব-স্ব প্রতিষ্ঠানসমূহে/ বোর্ড নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে। জুন-জুলাই'২০১৭ মাসে অনুষ্ঠিত ২০১৬ প্রবিধানভূক্ত ২য় পর্ব সমাপনী পরীক্ষায় শুধুমাত্র এক/ দুই বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীরাই এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও দেখা যাবে।

স্বাক্ষরিত/-
**(প্রকৌশলী সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩(অফিস)

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান ২০১৬ এবং উক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণভিত্তিক পাঠ্যসূচি ও মানবন্টন অনুযায়ী ২০১৬ প্রবিধানভূক্ত ২য় পর্ব পরিপূরক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং অত্র বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে প্রদত্ত হল।

**১। পরীক্ষার ফরম পূরণের নিয়মঃ**

১.১ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পরিপূরক ফরম পূরণ Online -এ সম্পন্ন করতে হবে। উক্ত শিক্ষাক্রমের ২য় পর্ব (২০১৬ প্রবিধান) পরিপূরক পরীক্ষার প্রিন্ট-আউট কপি নির্ধারিত অনুচ্ছেদ ৩.৭ অনুযায়ী বর্ণিত তারিখে অত্র বোর্ডের website হতে সংগ্রহ করতে হবে।

১.২ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য় পর্ব ২০১৬ প্রবিধানভূক্ত পরিপূরক পরীক্ষার্থীদের Final List এ স্বাক্ষরযুক্ত প্রিন্টআউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে। উল্লেখ্য, website হতে সংগ্রহকৃত Final List এর প্রিন্টআউট কপির ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের ফরম ফিলাপ সংক্রান্ত যে কোন সমস্যায় প্রিন্টআউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

১.৩ ২য় পর্ব (২০১৬ প্রবিধান) পরিপূরক পরীক্ষার্থীকে লিখুবিহীন উত্তরপত্রে পরীক্ষা দিতে হবে।

**২। পরীক্ষার ফিসমূহের হারঃ**

| ক্রমিক নং | ফি এর বিবরণ | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | পরীক্ষার ফি | ২২৫/- | বোর্ড প্রাপ্য |
| ২ | কেন্দ্র ফি | ২০০/- | কেন্দ্র পাবে |
| ৩ | নম্বরপত্র ফি | ৫০/- | প্রতিষ্ঠান পাবে |

**৩। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলীঃ**

৩.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরিপূরক পরীক্ষার ফি-এর অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা** এর অনুকূলে প্রদান করতঃ ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফটটি **সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা, ঢাকা** হতে উত্তোলন যোগ্য হতে হবে। উল্লেখ্য অনলাইনে ফরম পূরণের পর Final List এর অন্তগত সকল শিক্ষার্থীর ফরম পূরণের ফি পরিশোধ করতে হবে।

৩.২ পরিপূরক পরীক্ষার্থীদের প্রিন্টআউট কপি এবং পরীক্ষার ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.২ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট প্রিন্টআউট কপি বা নির্ধারিত ফি ব্যতিত ফরমপূরণ সরাসরি নাকচ করা হবে।

৩.৪ পরিপূরক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিলে (ব্যাংক একাউন্টে) জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই নিয়ম অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয়-ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

৩.৫ ব্যাংক ড্রাফট্ সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৬ ফরম পূরণের প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা নিম্নোক্ত ছক এবং Online -এ পূরণকৃত ফরম ফিলাপ (EFF) এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষরকৃত), Total Student List এর প্রিন্ট-আউট কপি জমা দিতে হবে। Final List Print করার পর আর কোন Edit করা যাবে না। উল্লেখ্য, Website হতে সংগ্রহকৃত প্রিন্ট-আউট কপি/কপির ফটোকপি অবশ্যই প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে। Total Question Count List এর প্রিন্ট-আউট কপি বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে।

| ক্রমিক নং | পরীক্ষার্থীর নাম | টেকনোলজি | রোল নম্বর ও শিফট্ | রেজিঃ নম্বর ও সেশন | দেয় বিষয়ের কোড | পরীক্ষার ফি | বিলম্ব ফি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

৩.৭ নিম্নের ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি-সহ (৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | অত্র বোর্ডের Website এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ | সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট-আউট কপি অত্র বোর্ডে জমা/গ্রহণের তারিখ | নির্ধারিত তারিখ (২০-০৮-২০১৭) এর পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২১-০৮-২০১৭ তারিখ পর্যন্ত প্রিন্ট-আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে। এরপর কোন অবস্থাতেই প্রিন্ট-আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট আর গ্রহণ করা হবে না। | অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণ করার তারিখ | প্রবেশপত্র সংশোধনের জন্য বোর্ডে জমা দেয়ার সময়সীমা | সংশোধিত প্রবেশপত্র বিতরণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১০-০৮-১৭ | ১৩-০৮-১৭ | ০৭-০৮-১৭ হতে ১৩-০৮-১৭ | ১৭-০৮-১৭ (ঢাকা বিভাগ ব্যতীত সকল বিভাগ) | | ০৬-০৯-১৭ (ঢাকা বিভাগ ব্যতীত সকল বিভাগ) | ০৬-০৯-১৭ হতে ০৭-০৯-১৭ | ০৭-০৯-১৭ |
| | | | ২০-০৮-১৭ (শুধুমাত্র ঢাকা বিভাগ) | | ০৭-০৯-১৭ (শুধুমাত্র ঢাকা বিভাগ) | | |

৩.৮ পরিপূরক পরীক্ষার প্রিন্টআউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিস্ট্রার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে।

৩.৯ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে করতে হবে।

৪। **অন্যান্য শর্তাবলীঃ**

৪.১ পরিপূরক পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি এর অর্থ একটিমাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও প্রিন্ট-আউট কপিসমূহ ৩.৬ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে। (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যেম প্রেরণ করা বর্জনীয়)।

৪.২ নির্ধারিত সময়সীমার মধ্যে প্রিন্টআউট কপি বোর্ড অফিসে জমা প্রদান নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে যে কোন প্রকারেরর উদ্বিগ্নতা ও বিড়াম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম/প্রিন্টআউট কপি ও অফিসের অর্থ উক্ত ৩.৭ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদেরকে পরিপূরক পরীক্ষার্থীদের প্রিন্টআউট কপিতে স্বাক্ষরের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪.৪ অনলাইনে তথ্য এন্ট্রি করার সময় পরিপূরক পরীক্ষার বিষয় কোড উল্লেখ করতে হবে।

৪.৫ **পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডে ফেরত দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না।**

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৭.৭৪(১৪) তারিখঃ ০৩-০৮-২০১৭খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ]
২. মহাপিরচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. সচিব/পরিদর্শক/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট .............................................................।
৫. অধ্যক্ষ/পরিচালক, ...................................................................................।
৬. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি website এ প্রকাশ ও নির্ধারিত সময়ে অনলাইনে ফরম পূরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. প্রোগ্রামার (ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/গোপনীয়/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।

**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬